

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০২০.১৮-৮২

তারিখ: ০৪/০২/২০১৯ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির স্মারক নং-৫১, তারিখ- ১৬/০১/২০১৯ খ্রিঃ মূলে কর্মসূচির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের প্রতি মাসে ন্যূনতম ০৬ (ছয়) টি সমিতি পরিদর্শনপূর্বক পরিদর্শনকৃত সমিতির WCSসহ নমুনা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরে প্রেরণ স্বাপেক্ষে বেতন-ভাতা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অধিকাংশ উপজেলা হতে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ সমিতি পরিদর্শন প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত নতুন নমুনা ছক মোতাবেক তথ্য প্রেরণ করেন নি। বিশেষ বিবেচনায় জানুয়ারি'১৯ মাসের বেতন ভাতা প্রদানের ক্ষেত্রে উক্ত নির্দেশনা শিথিল করে পূর্বের নির্দেশনা মোতাবেক যে সকল উপজেলা হতে তথ্য পাওয়া গিয়েছে তাদেরকে জানুয়ারি'১৯ মাসের বেতন-ভাতা প্রদান এবং নিম্নলিখিত উপজেলার WCS সহ সমিতি পরিদর্শন প্রতিবেদন প্রেরণ না করায় বেতন-ভাতা স্থগিত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ফেব্রুয়ারি'১৯ মাসে নতুন নমুনা ছক মোতাবেক তথ্য প্রেরণ করা না হলে বেতন ভাতা স্থগিত থাকবে।

ক্র.নং	জেলা	উপজেলা
১	যশোর	মনিরামপুর

Shamima
০২.০২.১৯

শামীমা আক্তার

সহকারী পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

০১. প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
০২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
০৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা., জেলাঃ.....।
০৪. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা., জেলাঃ.....।
০৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
০৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।